গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সামাজিক নিরাপত্তা অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়: জাতীয় সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের অংশগ্রহণে আয়োজিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহমুদুল হোসাইন খান<br>সচিব, সমন্বয় ও সংস্কার<br>মন্ত্রিপরিষদ বিভাগ। |
| সভার তারিখ | : | ২৩ জুন ২০২৪ |
| সময় | : | বেলা ১১:৩০ ঘটিকা |
| সভার স্থান | : | মন্ত্রিপরিষদ বিভাগের (কক্ষ নং-১০০৫, ১০ম তলা) সরকারি পরিবহনপুল ভবন। |

**উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন, সামাজিক নিরাপত্তা কর্মসূচিগুলির মসৃণ বাস্তবায়ন ও সমন্বয়ের জন্য জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলে কতিপয় প্রশাসনিক ব্যবস্থা সুপারিশ করা হয়েছে। এ সকল ব্যবস্থার অন্যতম কার্যক্রম হচ্ছে একই ধরনের সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগগুলির মধ্যে সমন্বয়ের জন্য থিমেটিক ক্লাস্টার গঠন থিমেটিক ক্লাস্টার-এর লক্ষ্য হচ্ছে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের মধ্যে সমন্বয় করা এবং কর্মসূচিগুলির মাঝে সম্ভাব্য ওভারল্যাপিং এড়ানো। তিনি উল্লেখ করেন যে, ১৯তম কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির সভার প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পর্কে আলোচনাই আজকের সভার মূল উদ্দেশ্য। অতঃপর তিনি এ বিষয়ে আলোচনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব, জনাব মোহাম্মদ খালেদ হাসানকে অনুরোধ করেন।

২। জনাব মোহাম্মদ খালেদ হাসান, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ উল্লেখ করেন যে, আগামী ১৯তম কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির (সিএমসি) সভার প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পর্কে আলোচনা এ সভার মূল উদ্দেশ্য। আগামী সভায় প্রধানতঃ সামাজিক নিরাপত্তা বিষয়ক থিমেটিক ক্লাস্টার কমিটিসমূহের কার্যক্রম, Single Registry MIS, সোশ্যাল ইন্স্যুরেন্স বাস্তবায়ন, NGO সমূহের সামাজিক নিরাপত্তা কার্যক্রম সমন্বয়, সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহ একত্রিকরণ আলোচনা বিষয়ে (Consolidation) এবং জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রতিনিধিগণ তথ্য উপস্থাপন করবেন। সুতরাং এ বিষয়ে সকল মন্ত্রণালয়ের নিজ অবস্থান সম্পর্কে তথ্য প্রস্তুত রাখতে হবে এবং সংশ্লিষ্ট সচিবগণকে তা অবহিত করতে হবে যাতে আগামী সিএমসি সভায় এ সকল বিষয়ে ফলপ্রসূ আলোচনা অনুষ্ঠিত হতে পারে। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব মিজ্ মুর্শিদা শারমিনকে অনুরোধ করেন।

৩। মিজ্ মুর্শিদা শারমিন, যুগ্মসচিব, সিভিল রেজিস্ট্রেশন ও সামজিক নিরাপত্তা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ সভার আলোচ্যসূচি বিস্তারিত তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে, Single Registry MIS প্রতিষ্ঠার লক্ষ্যে করণীয় নির্ধারণ নিয়ে ইতোমধ্যে একাধিক সভা অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে অর্থ বিভাগের ibas++ এর আওতাভুক্ত SPBMU প্ল্যাটফর্মটি Single Registry MIS প্রণয়নের জন্য কাজ করে যাচ্ছে যা আরও সম্প্রসারণের জন্য একটি রোডম্যাপ প্রস্তুত করা প্রয়োজন। এছাড়া সরকার বয়স্ক, প্রতিবন্ধী ও সুবিধাবঞ্চিত মানুষের জন্য সার্বজনীন পেনশন চালু করেছে যা বাস্তবায়নে প্রয়োজনীয় প্রচার প্রয়োজন। একইসাথে National Social

Insurance Scheme-এর বিষয়ে অর্থ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ কাজ করে যাচ্ছে। তিনি সভায় অবহিত করেন যে, NGO সমূহের সামাজিক নিরাপত্তা কার্যক্রম সমন্বয় সংক্রান্ত আলোচনা করা প্রয়োজন যেহেতু বাংলাদেশে বিভিন্ন NGO সামাজিক নিরাপত্তা খাতে অর্থায়ন করছে।

৪। সভাপতি এ বিষয়ে জানান যে, জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলে প্রদত্ত সুপারিশমালা বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিষয়ভিত্তিক ক্লাস্টারসমূহের কাঠামো সুস্পষ্টভাবে নির্ধারণ করে একটি পরিপত্র জারি করা হয়েছে। এ সকল ক্লাস্টারের অধীনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের NSSS কর্মপরিকল্পনা সমন্বয় করতে হবে এবং সমন্বিত কর্মপরিকল্পনা কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির নিকট পেশ করতে হবে। তিনি সকল ক্লাস্টারসমূহ ও মন্ত্রণালয়কে নিয়মিত সভা আয়োজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।

৫। জনাব মেহেদি মাসুদুজ্জামান, যুগ্মসচিব, অর্থ বিভাগ উল্লেখ করেন যে, বর্তমানে অর্থ বিভাগের ibas++ এর আওতাভূক্ত SPBMU প্ল্যাটফর্মটি Single Registry MIS প্রণয়ণের জন্য কাজ করে যাচ্ছে। এ প্ল্যাটফর্মটিতে বিভিন্ন মডিউল তৈরীর সুযোগ আছে যেখানে প্রয়োজনবোধে সামাজিক নিরাপত্তা বিষয়ক অন্যান্য উপাদান সংযুক্ত করা যাবে যা এটিকে আরোও সমৃদ্ধ করবে। তিনি উল্লেখ করেন যে, অর্থবিভাগ ইতোমধ্যে জিআইএস সংযুক্তির মাধ্যমে বিভিন্ন জেলা ভিত্তিক নারী পুরুষের সংখ্যাসহ সামাজিক নিরপত্তা সংক্রান্ত সকল তথ্য সংযুক্তির কাজ করে যাচ্ছে। তিনি বলেন যে, ইজিপিপিসহ যে সকল কর্মসূচি অন্তর্ভুক্ত হয়নি সেগুলিকে ক্রমান্বয়ে অন্তর্ভুক্তির কাজ চলমান আছে।

৬। জনাব মোহাম্মদ খালেদ হাসান, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ উল্লেখ করেন যে, অর্থ বিভাগের ibas++ এর আওতাভূক্ত SPBMU প্ল্যাটফর্মটি Single Registry MIS প্রণয়ণের জন্য যে কাজ করছে তা এখনো সম্পূর্ণ নয়। এ প্ল্যাটফর্মটিতে ইন্টার-অপারেবিলিটিসহ, এনএইচডি ডাটা, সকল প্রোগ্রাম অন্তর্ভুক্তি, জিটুপির সীমাবদ্ধতাসহ অন্যান্য প্রয়োজনীয় বিষয় সংযুক্ত করা প্রয়োজন যেখানে সকল মন্ত্রণালয়ের সাথে সমন্বয়ের বিষয় রয়েছে। তিনি উল্লেখ করেন যে, সিঙ্গেল রেজিস্ট্রি এমআইএস অত্যন্ত গুরুত্বপুর্ণ একটি বিষয় যা নিয়ে আগামী সিএমসি সভায় আলোচিত হবে এছাড়া আগামী সচিব সভাতেও বিষয়টি আলোচিত হবে। সুতরাং এ বিষয়ে সকল মন্ত্রণালয়ের নিজ অবস্থান সম্পর্কে বিবৃতি প্রস্তুত রাখতে হবে এবং সংশ্লিষ্ট সচিবগণকে অবহিত করতে হবে যাতে আগামী সিএমসি সভায় তারা এ বিষয়ে অগ্রগতি সম্পর্কে অবহিত করতে পারেন।

৭। জনাব মোহাম্মদ খালেদ হাসান আরও উল্লেখ করেন যে, বাংলাদেশ সরকার সকলের জন্য সামাজিক নিরাপত্তা নিশ্চিতকল্পে National Social Insurance Scheme বাস্তবায়ন করতে যাচ্ছে। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ বিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সহ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এ বিষয়ে কাজ করে যাচ্ছে। আগামী সিএমসি সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হবে সুতরাং, সংশ্লিষ্ট সচিবগণকে National Social Insurance Scheme বাস্তবায়ন সম্পর্কে অবহিত করতে হবে যাতে আগামী সিএমসি সভায় তারা এ বিষয়ে অগ্রগতি সম্পর্কে আলোচনা করতে পারেন।

৮। জনাব ড. নাহিদ হাসান, অতিরিক্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বলেন যে, বাংলাদেশ সরকার বঙ্গবন্ধু শিক্ষা বিমা চালু করেছেন, প্রবাসীদের জন্য জীবন বিমাসহ কৃষকদের জন্য ফসল বিমা ইত্যাদি রয়েছে। যদি আমরা সোশ্যাল ইনস্যুরেন্স করতে চাই তাহলে আমাদের গবেষণার প্রয়োজন রয়েছে কেননা, এখানে বিভিন্ন ধরণের জনগোষ্ঠীর জন্য ভিন্ন ধরণের প্রিমিয়াম, রিস্ক কাভারেজ, প্রোডাক্ট ডিজাইনসহ নানাবিধ বিষয় রয়েছে যা খুবই সংবেদনশীল।

৯। জনাব আমিনুল আরিফিন বলেন যে, খুব শীঘ্রই মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয়ে একটি জাতীয় পর্যায়ের সামাজিক নিরাপত্তা সম্মেলন ও মেলা ২০২৪ আয়োজিত হতে যাচ্ছে । যেখানে সামাজিক নিরাপত্তা বিষয়ক বিভিন্ন

CamScanner

উপাদান নিয়ে আলোচনা করা হবে। তিনি সভায় আরও অবহিত করেন যে, সামাজিক বিমা সংক্রান্ত সকল প্রস্তাবনা এবং সুপারিশ একটি পেপার হিসেবে সম্মেলনে উপস্থাপন করা যেতে পারে। তিনি উল্লেখ করেন যে এ বছরেই National Social Insurance Scheme বিষয়ে একটি আইন প্রস্তুতের বাধ্যকতা রয়েছে।

১০। জনাব মোহাম্মদ খালেদ হাসান বলেন যে, বাংলাদেশের জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS)-এর আলোকে এবং এনজিও ও সুশীল সমাজের প্রতিনিধিগণের সাথে আলোচনার পরিপ্রেক্ষিতে সরকারের সামাজিক নিরাপত্তা কার্যক্রমের সঙ্গে এনজিও ও সুশীল সমাজের কার্যকর সমন্বয় এবং সহযোগিতার আনুষ্ঠানিক প্লাটফর্ম প্রতিষ্ঠার লক্ষ্যে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত GO-NGO সমন্বয় কমিটি গঠন করা যেতে পারে। এ বিষয়ে আগামী সিএমসি সভায় আলোচনা করা যেতে পারে। তিনি উল্লেখ করেন যে, একই ধরণের সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহ একত্রিকরণে মন্ত্রণালয়/বিভাগসমূহের সমন্বয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা বাঞ্ছনীয়। এ বিষয়ে আগামী সিএমসি সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সকল সচিবকে অবহিত করার জন্য সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আহবান জানান। তিনি সভাকে অবহিত করেন যে, জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে মন্ত্রণালয়/বিভাগসমূহের তথ্য নিয়ে প্রতি বছর একটি প্রতিবেদন প্রস্তুত করা হয়। আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে চলমান বছরের অগ্রগতি প্রতিটি মন্ত্রণালয়ের নিজ নিজ কর্মপরিকল্পনার ছক অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য তিনি মন্ত্রণালয়/বিভাগসমূহকে অনুরোধ জানান।

১১। সভাপতি বলেন যে, আগামী সিএমসি সভা অনুষ্ঠিত হওয়ার আগেই সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়কে তাদের কারিগরী টিমের সাথে আলোচনা করে ইন্টার-অপারেবিলিটি, এনএইচডি ডাটা, সকল প্রোগ্রাম অন্তর্ভুক্তিকরণ, জিটুপির সীমাবদ্ধতাসহ অন্যান্য প্রয়োজনীয় সকল বিষয় আলোচনা করে তাদের করণীয় বিষয়ে প্রস্তুতি নিয়ে আগামী সিএমসি এবং সচিব সভার জন্য প্রস্তুত থাকতে হবে। তিনি বলেন সরকার ইতোমধ্যে বয়স্ক, প্রতিবন্ধী ও সুবিধাবঞ্চিত মানুষের জন্য সার্বজনীন পেনশন চালু করেছে। এটি বাস্তবায়নে প্রয়োজনীয় প্রচার প্রয়োজন। তিনি উল্লেখ করেন যে, National Social Insurance Scheme-এর বিষয়ে একটি আলাদা আইন প্রস্তুত করতে হবে। এছাড়া GO-NGO সমন্বয় কমিটি গঠনপূর্বক NGO সমূহের সামাজিক নিরাপত্তা কর্মসূচি NSSS-এর সঙ্গে সমন্বয়ের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

**১২। বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশসমূহ গৃহীত হয়ঃ**

ক) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের ক্ষেত্রে এ সংক্রান্ত থিমেটিক ক্লাস্টারসমূহের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় ক্লাস্টার সমন্বয়ক মন্ত্রণালয়/বিভাগসমূহকে (সমাজকল্যাণ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, খাদ্য মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়) সংশ্লিষ্ট ক্লাস্টার কমিটিসমূহের মিটিং নিয়মিত আয়োজন করতে হবে।

খ) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল এবং এর কর্মপরিকল্পনা (২০২১-২০২৬) অনুযায়ী সিঙ্গেল রেজিস্ট্রি এমআইএস উন্নয়নের লক্ষ্যে- SPBMU প্ল্যাটফর্মে সম্ভাব্য সকল কর্মসূচির ডাটাবেইজসমূহ সংযোগ, তথ্যের আন্ত:প্রবাহ (Interoperability) জোরদারকরণ, দারিদ্র্য তথ্য সংযুক্তকরণসহ অন্যান্য কার্যক্রম গ্রহণের জন্য অর্থ বিভাগসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

গ) NSSS-এর আলোকে সামাজিক বিমা কার্যক্রম আরও বেগবান করার উদ্দেশ্যে এ সংক্রান্ত গবেষণা কার্যক্রম দ্রুত সম্পাদন এবং এ যাবৎ গৃহীত পদক্ষেপসমূহের উপর একটি প্রতিবেদন প্রস্তুতের লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ঘ) সামাজিক নিরাপত্তা ক্ষুদ্র কর্মসূচিসমূহ একীভূতকরণ (Consolidation)-এর লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং থিমেটিক ক্লাস্টারসমূহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

CS CamScanner

ঙ) GO-NGO সমন্বয় কমিটি গঠনপূর্বক NGO সমূহের সামাজিক নিরাপত্তা কর্মসূচি NSSS-এর সঙ্গে সমন্বয়ের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

(চ) আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়/বিভাগসমূহকে NSSS কর্মপরিকল্পনার ছক অনুযায়ী চলমান বছরের অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

(ছ) অদ্যকার সভায় উপস্থিত ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ প্রতিনিধিগণকে তাঁর মন্ত্রণালয়/বিভাগের সচিব/সিনিয়র সচিব মহোদয়কে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির (CMC)'র ১৯তম সভার আলোচ্যসূচি সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

১৩। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

২৫/৫/২৪

মোঃ মাহমুদুল হোসাইন খান
সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ।

CamScanner